# দুই বিঘা জমি রবীন্দ্রনাথ ঠাকুর

১. অবশিষ্ট দুই বিঘা ছাড়া বাকি জমি উপেন কীভাবে হারিয়েছে? (জ্ঞান)
ক ভ্রমণে খ ভোগে
গ দানে ঘ ঋণে ঘ

২. ভূস্বামী কেন উপেনের দুই বিঘা জমি কিনতে চান? (জ্ঞান)
ক সাম্রাজ্য বৃদ্ধির জন্য খ বাগান করার জন্য
গ প্রাসাদ বানানোর জন্য ঘ শহর তৈরির জন্য খ

৩. দুই বিঘা জমির মাটিকে 'সোনার বাড়া' বলার কারণ কী? (অনুধাবন)
ক মরবার মতো ঠাঁই খ সপ্তপুরুষের বাস
গ মিথ্যা দেনার খত ঘ বিলাস বেশ ধরায় খ

৪. 'আঁখি করি লাল রাজা ক্ষণকাল রহিল মৌনভাবে'— এখানে 'মৌনভাবে' কথাটিতে কী প্রকাশ পেয়েছে? ★ (অনুধাবন) /ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ, কুমিল্লা/
ক মৌন সম্মতির লক্ষণ খ উপেনের পান্ডিত্য
গ পরিষদের নিষ্ঠুরতা ঘ রাজার নির্মমতা ঘ

৫. 'আঁখি করি লাল'— 'লাল আঁখি' কীসের প্রতীক? /ব. বো. ১৫/
ক ঘৃণার খ শোকের
গ রাগের ঘ দুঃখের গ

৬. ভূস্বামীর প্রস্তাবের কত দিন পরে উপেন ভিটে-মাটি ছেড়ে পথে বের হয়? ★ (জ্ঞান) /নোয়াখালী জিলা স্কুল/
ক এক মাস খ দেড় মাস
গ দুই মাস ঘ আড়াই মাস খ

৭. কৃষক উপেনের জমি কীভাবে হাতছাড়া হলো? ★ (অনুধাবন) /বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ/
ক উপেনের অভাবের তাড়নায়
খ অতি লোভের বশে
গ মিথ্যা দেনার মামলায়
ঘ রাজাকে দান করায় গ

৮. উপেনের জমি দেওয়ার ব্যাপারে অপারগতা দেখে রাজা কীরূপ হাসলেন? ★ (জ্ঞান) /পাবনা জিলা স্কুল/
ক শুষ্ক হাসি খ কষ্টের হাসি
গ ক্রুর হাসি ঘ আনন্দের হাসি গ

৯. ভগবান উপেনকে কোথায় রাখবে না বলে ভেবেছিল? (জ্ঞান)
ক দুই বিঘা জমিতে খ সাধুর আশ্রমে
গ মোহ গর্তে ঘ হাটে-মাঠে-বাটে গ

১০. জমি হারিয়ে উপেন কোনটি হলো? (জ্ঞান)
ক চোর খ সন্ন্যাসী
গ সাধু ঘ ভৃত্য খ

১১. 'বাবু যত বলে পরিষদ দলে বলে তার।'— শূন্যস্থানে কী হবে? (জ্ঞান)
ক দশগুণ খ শতগুণ
গ সহস্রগুণ ঘ লক্ষগুণ খ

১২. 'সন্ন্যাসী বেশে ফিরি দেশে দেশে'— এখানে 'সন্ন্যাসী' শব্দ দ্বারা কী বোঝানো হয়েছে? (অনুধাবন)
ক গৃহ বিবাগি খ গৃহ-আসক্ত
গ গৃহ লুটেরা ঘ গৃহবন্দি ক

১৩. 'হেরিলাম কত দেশ কত সৌধমালা'— এর সাদৃশ্যপূর্ণ পঙক্তি কোনটি? (প্রয়োগ)
ক ভিটে মাটি ছেড়ে বাহির হইনু পথে
খ জীবন জুড়ালে তুমি
গ হাটে-মাঠে বাটে এই মতো কাটে
ঘ কত হেরিলাম মনোহর ধাম ঘ

১৪. উপেন কত বছর পরে নিজ গ্রামে প্রবেশ করে? ★ (জ্ঞান) /নোয়াখালী জিলা স্কুল/
ক দশ-পনেরো খ চৌদ্দ-পনেরো
গ পনেরো-ষোলো ঘ পনেরো-বিশ গ

১৫. উপেন তার পূর্বের দুই বিঘা জমি বা বঙ্গভূমিকে কী আখ্যা দিয়েছে? (জ্ঞান)
ক বন্ধ্যা খ রাক্ষসী
গ ডাইনী ঘ সর্বগ্রাসিনী খ

১৬. 'বছর পনেরো-ষোল' উপেনের কোথায় কাটে? ★ (জ্ঞান) /দাউদ পাবলিক স্কুল, যশোর সেনানিবাস, যশোর/
ক কাশীতে খ বৃন্দাবনে
গ গহীন জঙ্গলে ঘ হাটে-মাঠে-ঘাটে ঘ

১৭. 'দুই বিঘা জমি' কবিতায় কোন নদীর কথা উল্লেখ আছে? (জ্ঞান)
ক গঙ্গা খ পদ্মা
গ যমুনা ঘ মেঘনা ক

১৮. গ্রামগুলোকে 'শান্তির নীড়' বলা হয়েছে কেন? /কু. বো. ১৫/
ক সমৃদ্ধির জন্য খ প্রকৃতির জন্য
গ স্বয়ংসম্পূর্ণতার জন্য ঘ আনন্দের জন্য খ

১৯. দুই বিঘা জমির অঞ্চলে কত রঙা পাতা শোভা পায়? ★ (জ্ঞান) /রাজশাহী ক্যাডেট কলেজ/
ক চার রঙা খ তিন রঙা
গ পাঁচ রঙা ঘ সাত রঙা গ

২০. 'দুই বিঘা জমি' কবিতায় বঙ্গের বধূর কোন রূপটি ফুটে উঠেছে? (অনুধাবন)
ক বিলাসিনী খ কুলটা
গ স্নেহময়ী ঘ নিলাজ গ

২১. 'ভাবিলাম হায় আর কি কোথাও ফিরে পাব সে জীবন!'-এ বাক্যে কোন জীবনের কথা বলা হয়েছে? (অনুধাবন)
ক জন্মের পূর্বের জীবন
খ পূর্বের শান্তিপূর্ণ জীবন
গ বাল্যকালের জীবন
ঘ সন্ন্যাসী জীবন খ

২২. উপেন জন্মভূমিকে কী বলে ধিক্কার দিয়েছে? /কু. বো. ১৫; চ.বো. ১৪/
ক নিলাজ জননী খ নিলাজ কুলটা
গ নিলাজ দাসী ঘ দাসী জননী খ

২৩. ছিলে দেবী হলে দাসী। কবি এখানে জন্মভূমিকে কী হারানোর কথা বুঝিয়েছেন? /রা. বো. ১৫; য.বো. ১৫/
ক স্বাধীনতা খ সৌন্দর্য
গ ক্ষমতা ঘ ঐশ্বর্য ক

২৪. 'দুই বিঘা জমি' কবিতায় 'আমগাছ' কিসের প্রতীক? (অনুধাবন)
ক শান্তির খ অস্তিত্বের
গ প্রতিবাদের ঘ স্মৃতির ঘ

http://teachingbd.com

২৫. উপেন কখন নিজ গ্রামে প্রবেশ করল? (জ্ঞান) [কুমিল্লা জিলা স্কুল]
ক দুইদিন পর খ দ্বিতীয় প্রহরে
গ তিন দিন পর ঘ তিন প্রহরে — খ

২৬. কয়টি পাকা ফল উপেনের কোলের কাছে পড়ল? (জ্ঞান) [মোমেনা আলী বিজ্ঞান স্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ]
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি — খ

২৭. উপেন জমিদারের কাছে ভিক্ষা হিসেবে কী চেয়েছিল? (জ্ঞান)
ক দুটি আম খ দুটি আপেল
গ দুটি কাঁঠাল ঘ দুই বিঘা জমি — ক

২৮. দুই বিঘার পরিবর্তে উপেন কী পেয়েছে? (জ্ঞান) [সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ক বিশ্বনিখিল খ সন্ন্যাসীবেশ
গ দুইটি আম ঘ জন্মভূমিকে — ক

২৯. উপেন জন্মভূমিকে 'নিলাজ কুলটা ভূমি' বলে ধিক্কার দিয়েছে, কারণ কী? (অনুধাবন)
ক যখন যার তখন তার খ দরিদ্র মাতা ছিল
গ আঁচল ভরে রাখত ঘ সেদিনের চিহ্ন নেই — ক

৩০. উপেন স্নেহের দান লাভ করার কারণ কোনটি? (অনুধাবন)
ক ভূ-স্বামীর দয়া খ মালীর সহানুভূতি
গ চৌর্যবৃত্তি ঘ বায়ুপ্রবাহ — ঘ

৩১. 'স্নেহের সে দানে বহু সম্মানে বারেক ঠেকানু মাথা।'— উপেন কোথায় মাথা ঠেকাল? (অনুধাবন)
ক ফল দুটিতে খ দুই বিঘা জমিতে
গ প্রাচীরের দিকে ঘ আম গাছে — ক

৩২. 'নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি।' এর পরের চরণ কোনটি? (জ্ঞান)
ক ভূধরে সাগরে বিজনে নগরে যখন যেখানে ভ্রমি
খ গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি
গ যখনি যাহার তখনি তাহার, এই কী জননী তুমি!
ঘ ধিক ধিক ওরে, শতাধিক তোরে, নিলাজ কুলটা ভূমি! — খ

৩৩. 'যমদূতপ্রায়' বিশেষণটি 'দুই বিঘা জমি' কবিতায় কার পরিচয় বহন করে? (জ্ঞান)
ক ভূস্বামী খ উপেন
গ মালি ঘ পরিষদ — গ

৩৪. উপেনকে কে ধরে নিয়ে গেল? (জ্ঞান) [দিনাজপুর জিলা স্কুল]
ক পেয়াদা খ মালি
গ ভূস্বামী ঘ পাহারাদার — খ

৩৫. 'বেটা সাধুবেশে পাকা চোর অতিশয়।'— এখানে চোর বলা হয়েছে কাকে? (অনুধাবন)
ক উপেনকে খ ভূ-স্বামীকে
গ পারিষদকে ঘ মালিকে — ক

৩৬. 'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।'— এখানে 'সাধু' বলতে কাকে বোঝানো হয়েছে? (অনুধাবন) [রাজশাহী ক্যাডেট কলেজ]
ক ভূস্বামীকে খ উপেনকে
গ মালিকে ঘ পারিষদকে — ক

৩৭. 'দুই বিঘা জমি' কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? [ঢা. বো. ১৪]
ক মানসী খ গীতাঞ্জলি
গ সোনার তরী ঘ কথা ও কাহিনী — ঘ

৩৮. সপ্তম সুর বলতে কী বোঝানো হয়েছে? [রা. বো. ১৪]
ক কোমল সুর খ কর্কশ সুর
গ উঁচু গলা ঘ নিচু গলা — খ

৩৯. সহসা শ্বাস ফেলে গেল কে? [দি. বো. ১৪]
ক বাতাস খ ঝড়
গ ফল ঘ শাখা — ক

৪০. 'সে মাটি সোনার বাড়া' চরণটিতে কী প্রকাশ পেয়েছে? [চ. বো. ১৪]
ক দীনহীন অবস্থা
খ দেশমাতৃকা তথা জন্মভূমির প্রেম
গ মাটি সোনার মতো
ঘ মাটির মূল্য সোনার মতো — খ

৪১. 'স্নেহের সে দানে বহু সম্মানে বারেক ঠেকানু মাথা'— পঙক্তিটিতে কোনটি প্রকাশ পেয়েছে? (জ্ঞান)
ক কৃতজ্ঞতা খ আনন্দ
গ উচ্ছ্বাস ঘ বিস্ময় — ক

৪২. উপেন জন্মভূমিকে কী বলে ধিক্কার দিয়েছে? [চ. বো. ১৪]
ক নিলাজ কুলটা খ নিলাজ জননী
গ নিলাজ দাসী ঘ দাসী জননী — ক

৪৩. 'দুই বিঘা জমি' কবিতায় 'সপ্তম সুরে' কথাটি কোন প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে? [য. বো. ১৪]
ক জন্মভূমির বন্দনা
খ রাজার কাছে প্রার্থনা
গ উপেনের স্মৃতিকাতরতা
ঘ কটু কথা বলা — ঘ

৪৪. 'আমার দেশের পথের ধুলা
খাঁটি সোনার চাইতে খাঁটি।'
উদ্ধৃতাংশে ফুটে ওঠা দিকটি নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে? [সকল বোর্ড ১২]
ক মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে
খ একদিন শেষে ফিরিবারে দেশে বড়োই বাসনা হলো
গ কত হেরিলাম মনোহর ধাম, কত মনোরম দৃশ্য
ঘ তবু নিশিদিনে ভুলিতে পারিনে সেই দুই বিঘা জমি — ঘ

৪৫. আমি শুনে হাসি আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে
তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে!
— উদ্ধৃত কবিতাংশের প্রকাশ পেয়েছে উপেনের মনোভাব? [সকল বোর্ড ১৩]
ক ক্রোধ ও বিরক্তি খ ঘৃণা ও দ্বেষ
গ অসহায়ত্ব ও লজ্জা ঘ আক্ষেপ ও মনঃকষ্ট — ঘ

৪৬. ভূস্বামীর দখলের পর উপেনের জমি— (অনুধাবন)
i. ভিন্নধর্মী সৌন্দর্যে ভরে উঠেছে
ii. প্রাকৃতিক সৌন্দর্য হারিয়েছে
iii. ফুল, শাকপাতায় ভরে উঠেছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

http://teachingbd.com

৪৭. জোরপূর্বক কারও সম্পদ হরণ করা— (অনুধাবন)
i. অনৈতিক
ii. লোভের পরিচায়ক
iii. স্বাভাবিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ক

৪৮. বাবু সাহেবের সম্পত্তি-আকাঙ্ক্ষা ফুটে উঠেছে যে চরণে— (অনুধাবন)
i. বাবু কহিলেন, বুঝেছ উপেন, এ জমি লইব কিনে
ii. পেলে দুই বিঘে, প্রস্থে ও দিঘে সমান হইবে টানা
iii. এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ ii ও iii ঘ

৪৯. 'সেই মনে পড়ে জ্যৈষ্ঠের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম'— পঙ্‌ক্তিটিতে যে ভাব প্রকাশ পেয়েছে তা হলো— [কু.বো. ১৪; রা.বো. ১৫]
i. স্মৃতিকাতরতা ii. স্পর্শকাতরতা
iii. অনুদারতা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ ii ও iii ক

নিচের কবিতাংশটি পড়ে ৫০ ও ৫১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি
আমার দেশের মাটি।
এই দেশেরই মাটি জলে
এই দেশেরই ফুলে ফলে
তৃষ্ণা মিটাই মিটাই ক্ষুধা
পিয়ে এরি দুধের বাটি।

৫০. উদ্দীপকের কবিতাংশের সাথে 'দুই বিঘা জমি' কবিতার ভাবগত মিল কোথায়? (প্রয়োগ) *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
ক মর্ত্যপ্রীতিতে খ স্বজাত্যপ্রীতিতে
গ স্বদেশপ্রীতিতে ঘ স্বজনপ্রীতিতে গ

৫১. উদ্দীপকের কবি ও 'দুই বিঘা জমি' কবিতায় উপেন উভয়ই— (উচ্চতর দক্ষতা) *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
i. প্রকৃতির দানে পরিতৃপ্ত
ii. প্রকৃতির সৌন্দর্যে অভিভূত
iii. স্বদেশপ্রেমে উদ্দীপ্ত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৫২ ও ৫৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"মাটির কলসে জল ভরে
ঘরে ফিরে সলিমের বউ তার ভিজে দুটি পায়।"

৫২. 'দুই বিঘা জমি' কবিতায় যে দিকটি উপরের উদ্দীপকে ফুটে উঠেছে, তা হচ্ছে— (প্রয়োগ) *[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]*
ক নদীমাতৃক দেশ খ গ্রামীণ আবহাওয়া
গ দরিদ্র জীবন ঘ স্মৃতিধন্য গ্রাম ক

৫৩. উপরের কবিতাংশে 'দুই বিঘা জমি' কবিতার আলোকে ফুটে ওঠা ভাবটি নিচের কোন পঙ্‌ক্তিটিতে প্রকাশ পেয়েছে? (প্রয়োগ) *[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]*
ক. চোখে আসে জল ভরে
খ আঁখি জলে ভাসি
গ সজল চক্ষে, করুণ রক্ষে
ঘ জল লয়ে যায় ঘরে ঘ

৫৪. এক বিঘা সমান কত বর্গমিটার পরিমাণ জমি? (জ্ঞান) *[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*
ক ১৪৪০ বর্গমিটার খ ১৪০০ বর্গমিটার
গ ১৩৪৩ বর্গমিটার ঘ ১৩৩৪ বর্গমিটার ঘ

৫৫. এক প্রহর বলতে কতটুকু সময়কে বোঝানো হয়? (অনুধাবন) *[অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট]*
ক এক ঘণ্টা খ দুই ঘণ্টা
গ তিন ঘণ্টা ঘ পাঁচ ঘণ্টা গ

৫৬. দিন-রাত্রির আট ভাগের এক ভাগ বোঝাতে দুই বিঘা জমি কবিতায় ব্যবহৃত শব্দটি কী? (অনুধাবন)
ক ভূধর খ নিশীথ
গ কলরব ঘ প্রহর ঘ

৫৭. 'গেহ' শব্দের সঠিক অর্থ কোনটি? (জ্ঞান) *[রাজশাহী ক্যাডেট কলেজ]*
ক গ্রাম খ ঘর
গ দেখা ঘ দেহ খ

৫৮. "দুই বিঘা জমি" কবিতায় কোন শব্দ 'ভাগ্যে' অর্থে ব্যবহৃত হয়েছে? (অনুধাবন)
ক খতে খ ললাটে
গ ধামে ঘ ঘটে ঘ

৫৯. 'লক্ষ্মীছাড়া' শব্দের ব্যবহারিক অর্থ কোনটি? (অনুধাবন)
ক ধর্মহীন খ বেয়াদব
গ দুর্ভাগা ঘ ভাগ্যবান গ

৬০. 'সমীর' শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক খন্ড খ আকাশ
গ পানি ঘ বাতাস ঘ

৬১. 'ভূধর' শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক সাগর খ নদী
গ হ্রদ ঘ পর্বত ঘ

৬২. সব হারিয়ে নিঃস্ব একজন মানুষকে কী বলা যাবে? (অনুধাবন)
ক ক্রুর খ তৃষাতুর
গ কাঙাল ঘ লক্ষ্মীছাড়া গ

৬৩. 'দুই বিঘা জমি' কবিতায় 'ধাম' বলতে কবি কী বুঝিয়েছেন? [চ. বো. ১৫]
ক তীর্থস্থান খ পাত্র বিশেষ
গ আনন্দ ঘ জমি ক

৬৪. 'ধাম' শব্দটির অর্থ কী? (জ্ঞান)
ক পাহাড় খ ঋণপত্র
গ খেলাঘর ঘ তীর্থস্থান ঘ

৬৫. 'পাণি' শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক জল খ হাত
গ গৃহ ঘ প্রহর খ

৬৬. 'দুই বিঘা জমি' কবিতা পড়ে শিক্ষার্থীরা জানতে পারবে কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক জমিদারদের পরোপকারী মানসিকতা
খ জমির প্রতি বর্গাচাষির আকর্ষণ
গ জমিদারদের অত্যাচার ও নিপীড়ন
ঘ ধনীদের নিষ্ঠুর শোষণ ও গরিবদের দুর্দশা ঘ

http://teachingbd.com

৬৭. 'দুই বিঘা জমি' কবিতাটি পড়ে শিক্ষার্থীরা গরিবদের প্রতি কোন দৃষ্টিভঙ্গি পোষণ করবে? (উচ্চতর দক্ষতা)
ক সহযোগী | খ আধিপত্যবাদী
গ সহানুভূতিশীল | ঘ করুণাসিক্ত — গ

৬৮. 'দুই বিঘা জমি' কবিতাটি পাঠ করে শিক্ষার্থীরা জানতে পারবে— *[চ. বো. ১৫]*
i. শোষকশ্রেণির নিষ্ঠুর শোষণ
ii. গরিবদের দুর্দশা
iii. লুটেরা বিত্তবানদের প্রতাপ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ ii ও iii
গ i ও iii | ঘ i, ii ও iii — ঘ

৬৯. 'দুই বিঘা জমি' কবিতার উৎস কোন কাব্যগ্রন্থ? (জ্ঞান)
ক সোনার তরী | খ কথা ও কাহিনী
গ শেষ লেখা | ঘ গীতাঞ্জলি — খ

৭০. 'দুই বিঘা জমি' কবিতায় প্রকাশিত মূল বিষয় কী? (উচ্চতর দক্ষতা)
ক সম্পদ লিপ্সা | খ বাগান বিলাস
গ সাধুর শিষ্য | ঘ পাকা চোর — ক

৭১. 'দুই বিঘা জমি' কবিতায় উপস্থাপিত হয়েছে— *[সি. বো. ১৫]*
ক লোভের পরিণতি
খ গরিব মানুষের পরিচয়
গ লুটেরাদের ভোগলালসা
ঘ মানুষের অসহায়ত্ব — গ

৭২. 'দুই বিঘা জমি' কবিতায় বক্তব্য উপস্থাপন ভঙ্গি কেমন? (অনুধাবন)
ক ব্যঙ্গাত্মক | খ মিলনাত্মক
গ বিদ্রোহাত্মক | ঘ হাস্যরসাত্মক — ক

৭৩. 'দুই বিঘা জমি' কবিতায় প্রকৃত অপরাধী কে? (উচ্চতর দক্ষতা)
ক মালি | খ উপেন
গ জমিদার | ঘ পেয়াদা — গ

৭৪. জমিদার কীভাবে উপেনের জমি দখল করে নেয়? [সি. বো. ১৪]
ক অনুগত বাহিনী দিয়ে | খ ভয়ভীতি দেখিয়ে
গ পারিষদ দিয়ে | ঘ মিথ্যে মামলা দিয়ে — ঘ

৭৫. 'দুই বিঘা জমি' কোন ধরনের কবিতা? (অনুধাবন)
ক কাহিনী-কবিতা | খ গীতিকবিতা
গ চতুর্দশপদী কবিতা | ঘ স্বদেশপ্রেমের কবিতা — ক

৭৬. 'দুই বিঘা জমি' কবিতাটিতে কবি তাদের স্বরূপ তুলে ধরেছেন, যারা— (উচ্চতর দক্ষতা)
i. সাধারণের সম্পদ লুট করে
ii. অন্যায়কে ন্যায় বলে ভাবে
iii. গরিবের প্রতি সহানুভূতিশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii — ক

৭৭. 'দুই বিঘা জমি' কবিতার আলোকে সম্পদশালী কর্তৃক গরিবের সম্পত্তি লুট করার মানসিকতা দূর করার জন্যে প্রয়োজন — (উচ্চতর দক্ষতা)
i. গরীবের প্রতি সহানুভূতিশীলতা সৃষ্টি
ii. ধনীদের মানসিকতার পরিবর্তন
iii. বঞ্চিতদের প্রতিরোধ গড়ে তোলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii — ক

৭৮. রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? (জ্ঞান)
ক ১৮৪১ | খ ১৮৫১
গ ১৮৬১ | ঘ ১৮৭১ — গ

৭৯. রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন? ★ (জ্ঞান) *[সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]*
ক ১২৫৮ বঙ্গাব্দ | খ ১২৬৮ বঙ্গাব্দ
গ ১২৭৮ বঙ্গাব্দ | ঘ ১২৮৮ বঙ্গাব্দ — খ

৮০. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মস্থান কোথায়? ★ (জ্ঞান) *[আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা]*
ক ঢাকা | খ কুমিল্লা
গ বর্ধমান | ঘ কলকাতা — ঘ

৮১. এশীয়দের মধ্যে প্রথম সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন কে? (জ্ঞান)
ক মো ইয়ান
খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ গাও জিং জিয়ান
ঘ ইয়াসুনারি কাওয়াবাটা — খ

৮২. রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় মৃত্যুবরণ করেন? (জ্ঞান)
ক ঢাকায় | খ কলকাতায়
গ প্যারিসে | ঘ বিলেতে — খ

৮৩. রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে মৃত্যুবরণ করেন? (জ্ঞান)
ক ১৩৪২ বঙ্গাব্দে | খ ১৩৪৪ বঙ্গাব্দে
গ ১৩৪৬ বঙ্গাব্দে | ঘ ১৩৪৮ বঙ্গাব্দে — ঘ

৮৪. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান? *[দি. বো. ১৫; সকল বোর্ড ১৩]*
ক ১৯১২ | খ ১৯১৩
গ ১৯১৪ | ঘ ১৯১৫ — খ

৮৫. রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্যের জন্য নোবেল পুরস্কার পান? (জ্ঞান)
ক বলাকা | খ সোনার তরী
গ গীতাঞ্জলী | ঘ চিত্রা — গ

৮৬. রবীন্দ্রনাথ ঠাকুর একাধারে ছিলেন— [য.বো. ১৫]
i. কবি ও দার্শনিক
ii. গীতিকার, সুরকার ও শিক্ষাবিদ
iii. চিত্রশিল্পী, নাট্য প্রযোজক ও অভিনেতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii — ঘ

৮৭. 'গীতাঞ্জলি'র বৈশিষ্ট্য হলো— (অনুধাবন)
i. এটি একটি কাব্যগ্রন্থ
ii. ইংরেজিতে অনূদিত হয়েছে
iii. নোবেল পুরস্কার এনে দেয়
কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii — ঘ

teachingbd.com